# জাল হাদীছের কবলে রাসূলুল্লাহ (ছাঃ)-এর ছালাত

বিভাগ/অধ্যায়ঃ ছালাতুল জানাযা

রচয়িতা/সঙ্কলকঃ মুযাফফর বিন মুহসিন

(৫) সাত কিংবা পাঁচ কাপড়ে কাফন পরানো

পুরুষ ও মহিলা উভয়ের জন্য তিন কাপড়ে কাফন পরানোই ছহীহ হাদীছ সম্মত। মহিলাদেরকে পাঁচ কিংবা সাত কাপড়ে কাফন দেয়ার যে বর্ণনা প্রচলিত আছে, তা ছহীহ নয়।

(أ) عَنْ مُحَمَّدِ بْنِ عَلِيِّ ابْنِ الْحَنَفِيَّةِ عَنْ أَبِيْهِ أَنَّ النَّبِىَّ كُفِّنَ فِىْ سَبْعَةِ أَثْوَابٍ

(ক) মুহাম্মাদ ইবনু আলী তার পিতার সূত্রে বর্ণনা করেন, রাসূলুল্লাহ (ছাঃ)-কে সাত কাপড়ে কাফন দেয়া হয়েছিল।[1]

তাহক্বীক্ব : বর্ণনাটি যঈফ। এর সনদে ইবনু আক্বীল নামে একজন ত্রুটিপূর্ণ রাবী আছে।[2]

(ب) عَنْ لَيْلَى بِنْتِ قَانِفٍ الثَّقَفِيَّةِ قَالَتْ كُنْتُ فِيْمَنْ غَسَّلَ أُمَّ كُلْثُوْمٍ بِنْتَ رَسُوْلِ اللهِ عِنْدَ وَفَاتِهَا فَكَانَ أَوَّلُ مَا أَعْطَانَا رَسُوْلُ اللهِ الْحِقَاءَ ثُمَّ الدِّرْعَ ثُمَّ الْخِمَارَ ثُمَّ الْمِلْحَفَةَ ثُمَّ أُدْرِجَتْ بَعْدُ فِى الثَّوْبِ الآخِرِ قَالَتْ وَرَسُوْلُ اللهِ جَالِسٌ عِنْدَ الْبَابِ مَعَهُ كَفَنُهَا يُنَاوِلُنَاهَا ثَوْبًا ثَوْبًا.

(খ) লায়লা ইবনু কানেফ বলেন, রাসূলুল্লাহ (ছাঃ)-এর মেয়ে উম্মে কুলছূমের মৃত্যুর পর যারা গোসল দিয়েছিল, তাদের মধ্যে আমিও ছিলাম। রাসূল (ছাঃ) আমাদের প্রথম দিলেন তহবন্দ। তারপর দিলেন জামা, তারপর উড়না, তারপর চাদর দিলেন। অতঃপর সবশেষে একটি কাপড় দ্বারা তাকে ঢেকে দেয়া হল। তিনি বলেন, এমতাবস্থায় রাসূল (ছাঃ) দরজায় বসেছিলেন। তার কাছে কাপড় ছিল। তিনি সেখান থেকে একটি একটি করে দিচ্ছিলেন।[3]

তাহক্বীক্ব : বর্ণনাটি যঈফ। এর সনদে নূহ বিন হাকীম ছাক্বাফী নামে এক অপরিচিত রাবী আছে।[4] উল্লেখ্য যে, রাসূল (ছাঃ)-এর কন্যার কাফন পরানোর সময় পাঁচ কাপড় দেয়া হয়েছিল মর্মে জাওযাক্বী অতিরিক্ত যে অংশটুকু করেছেন তা যঈফ ও মুনকার।[5] অনুরূপ হাসান বছরীর উক্তিতে পাঁচ কাপড়ে কাফন দেওয়ার যে কথা বর্ণিত হয়েছে, এই বর্ণনার আলোকে সেটাও যঈফ।[6]

## ফুটনোট

[1]. আহমাদ হা/৭২৮ ও ৮০১ ১/৯৪।

[2]. সিলসিলা যঈফাহ হা/৫৮৪৪; তানক্বীহুল কালাম, পৃঃ ৪৭৮।

[3]. আবুদাঊদ হা/৩১৫৭, ২/৪৫০ পৃঃ, ‘জানাযা’ অধ্যায়, অনুচ্ছেদ-৩৬; আহমাদ হা/২৭১৭৯, ৬/৩৮০।

[4]. ইরওয়াউল গালীল হা/৭২৩, ৩/১৭৩ পৃঃ; যঈফ আবুদাঊদ হা/৩১৫৭, পৃঃ ৪৮৩; আহকামুল জানায়েয, পৃঃ ৫৮ وأما حديث ليلى بنت قائف الثقفية في تكفين ابنته في خمسة أبواب فلا يصح إسناده لان فيه نوح بن حكيم الثقفي وهو مجهول كما قال الحافظ ابن حجر; বিস্তারিত আলোচনা দ্রঃ সিলসিলা যঈফাহ হা/৫৮৪৪।

[5]. ফাৎহুল বারী 'জানাযা' অধ্যায়, ১৫ নং অনুচ্ছেদের আলোচনা দ্রঃ; বিস্তারিত আলোচনা দ্রঃ সিলসিলা যঈফাহ হা/৫৮৪৪।

[6]. قَالَ الْحَسَنُ الْخِرْقَةُ الْخَامِسَةُ تَشُدُّ بِهَا الْفَخِذَيْنِ وَالْوَرِكَيْنِ تَحْتَ الدِّرْعِ -বুখারী ১/১৬৮ পৃঃ, 'জানাযা' অধ্যায়, অনুচ্ছেদ-১৫।

Source — https://www.hadithbd.com/books/link/?id=2001

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন